রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ১১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৮ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪০.০০.০০০০.০১৬.৩২.০০১.৪৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "ব্যাটারী প্রস্তুতকারক" শিল্প সেক্টর , অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরি হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল "ক"**

**শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ ( গ্রেড ) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকায় মূল মজুরির ৬০%, জেলা শহরে মূল মজুরির ৫০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১:**<br>১। সুপারভাইজার<br>২। সিনিয়র ফোরম্যান | বিভাগীয় শহর, বাণিজ্যিক ও শিল্প এলাকা | ১২,৩০০/- | ৭৩৮০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ২২,৯৮০/- |
| | | জেলা শহর এলাকা | ১২,৩০০/- | ৬,১৫০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ২১,৭৫০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১২,৩০০/- | ৪৯২০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ২০,৫২০/- |



মূল্য : টাকা ৮.০০

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ ( গ্রেড ) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকায় মূল মজুরির ৬০%, জেলা শহরে মূল মজুরির ৫০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২। | **গ্রেড-২:**<br>১। ফোরম্যান<br>২। সহকারী সুপারভাইজার<br>৩। উচ্চতর দক্ষ শ্রমিক/সিনিয়র শ্রমিক<br>৪। উচ্চতর দক্ষ অপারেটর/ সিনিয়র অপারেটর<br>৫। উচ্চতর দক্ষ টেকনিশিয়ান/ সিনিয়র টেকনিশিয়ান<br>৬। উচ্চতর দক্ষ লোডার/সিনিয়র লোডার<br>৭। উচ্চতর দক্ষ ইলেকট্রিশিয়ান/ সিনিয়র ইলেকট্রিশিয়ান<br>৮। সিনিয়র কিউ. সি. (Q.C.) ইন্সপেক্টর | বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকা | ১০,৩০০/- | ৬১৮০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৯৭৮০/- |
| | | জেলা শহর এলাকা | ১০,৩০০/- | ৫,১৫০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৮,৭৫০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০,৩০০/- | ৪১২০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৭৭২০/- |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। জুনিয়র ফোরম্যান<br>২। লোডার<br>৩। দক্ষ শ্রমিক<br>৪। কিউ. সি. (Q.C.) | বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকা | ৭,৮৫০/- | ৪৭১০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৫,৮৬০/- |
| | | জেলা শহর এলাকা | ৭,৮৫০/- | ৩,৯২৫/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৫,০৭৫/- |
| | | উপজেলা ও | ৭,৮৫০/- | ৩১৪০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৪,২৯০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ ( গ্রেড ) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকায় মূল মজুরির ৬০%, জেলা শহরে মূল মজুরির ৫০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | ইন্সপেক্টর<br>৫। ইলেকট্রিশিয়ান<br>৬। অপারেটর<br>৭। টেকনিশিয়ান | অন্যান্য এলাকা | | | | | | |
| ৪। | **গ্রেড-৪:**<br>১। জুনিয়র শ্রমিক<br>২। জুনিয়র অপারেটর<br>৩। জুনিয়র টেকনিশিয়ান<br>৪। জুনিয়র লোডার<br>৫। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>৬। জুনিয়র কিউ. সি. (Q.C.) ইন্সপেক্টর<br>৭। হেলপার | বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকা | ৬,৬৫০/- | ৩৯৯০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৩,৯৪০/- |
| | | জেলা শহর এলাকা | ৬,৬৫০/- | ৩,৩২৫/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৩,২৭৫/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬,৬৫০/- | ২৬৬০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১২,৬১০/- |
| ৫। | শিক্ষানবিশ শ্রমিক: | | (ক) শিক্ষানবিশকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশকাল আরো ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ১০০০০/-, টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল "খ"

## কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকায় মূল মজুরির ৬০%, জেলা শহরে মূল মজুরির ৫০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:**<br>১। স্টোর সুপারভাইজার<br>২। ক্লিনার সুপারভাইজার | বিভাগীয় শহর, বাণিজ্যিক ও শিল্প এলাকা | ১২,৩০০/- | ৭৩৮০/- | ১,৩০০/- | ১,০০০/- | ২১,৯৮০/- |
| | | জেলা শহর এলাকা | ১২,৩০০/- | ৬,১৫০/- | ১,৩০০/- | ১,০০০/- | ২০,৭৫০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১২,৩০০/- | ৪৯২০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১৯,৫২০/- |
| ২। | **গ্রেড-২:**<br>১। অফিস সহকারী<br>২। জুনিয়র স্টোর এসিসটেন্ট/ স্টোর সহকারী<br>৩। ড্রাইভার<br>৪। নিরাপত্তা পরিদর্শক<br>৫। হাবিলদার<br>৬। কুক<br>৭। ফর্ক লিফট অপারেটর | বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকা | ১০,৩০০/- | ৬১৮০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১৮,৭৮০/- |
| | | জেলা শহর এলাকা | ১০,৩০০/- | ৫,১৫০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১৭,৭৫০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০,৩০০/- | ৪১২০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১৬,৭২০/- |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকায় মূল মজুরির ৬০%, জেলা শহরে মূল মজুরির ৫০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। দারোয়ান<br>২। সহকারী কুক<br>৩। গার্ডেনার<br>৪। পিয়ন<br>৫। সার্ভিস বয় | বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকা | ৭,৮৫০/- | ৪৭১০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১৪,৮৬০/- |
| | | জেলা শহর এলাকায় | ৭,৮৫০/- | ৩,৯২৫/- | ১,৩০০/- | ১,০০০/- | ১৪,০৭৫/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকায় | ৭,৮৫০/- | ৩১৪০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১৩,২৯০/- |
| ৪। | **গ্রেড-৪:**<br>১। মালী<br>২। ক্লিনার | বিভাগীয় শহর বাণিজ্যিক ও শিল্প এলাকা | ৬,৬৫০/- | ৩৯৯০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১২,৯৪০/- |
| | | জেলা শহর এলাকায় | ৬,৬৫০/- | ৩,৩২৫/- | ১,৩০০/- | ১,০০০/- | ১২,২৭৫/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকায় | ৬,৬৫০/- | ২৬৬০/- | ১,৩০০/- | ১,০০০/- | ১১,৬১০/- |
| ৫। | শিক্ষানবিশ কর্মচারী: | (ক) শিক্ষানবিশকাল ০৬ (ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে= ১০০০০/- টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## শর্তাবলি

১। এই তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "ব্যাটারী প্রস্তুতকারক" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন, সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই তফসিলে, সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও তফসিল "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরনভিত্তিক (Piece rate) অথবা দৈনিকভিত্তিক (Time rate/Daily basis) মজুরি প্রদান

করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই তফসিলে উল্লিখিত "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৬৬৫০/- (ছয় হাজার ছয়শত পঞ্চাশ) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৬৯৮২.৫০/-(ছয় হাজার নয়শত বিরাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৬৯৮২.৫০/-(ছয় হাজার নয়শত বিরাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৭৩৩১.৬৩/-(সাত হাজার তিনশত একত্রিশ টাকা তেষট্টি পয়সা) টাকা হইবে।

১২। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিক/কর্মচারীগণ এর মধ্যে কোনোপ্রকার বৈষম্য করা যাইবে না।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৪। উক্ত শিল্প সেক্টরে প্রত্যক্ষভাবে কর্মরত শ্রমিক/কর্মচারী ঝুঁকিভাতা প্রাপ্য হইবেন।

১৫। এই প্রজ্ঞাপনের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবুর রহমান**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd